

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৮১৫

আগরতলা, ২২ জুন, ২০২২

দুরাই শিববাড়ি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস

কমলপুর বিএসএম মহকুমা হাসপাতালের আওতাধীন দুরাই শিববাড়ি হেলথ এন্ড ওয়েলন্যাস সেন্টারের অন্তর্গত দুরাই শিববাড়ি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গত ১৬ জুন গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস অনুষ্ঠিত হয়। এই কর্মসূচিতে স্বাস্থ্যকর্মীরা যোগা ব্যায়ামের উপকারিতা, অসংক্রামক রোগ নিয়ন্ত্রণের উপায়, শিশুদের নিয়মিত টিকাকরণের উপকারিতা, শিশুর জন্মের পর মায়ের বুকের দুধ পান করানোর গুরুত্ব, ডায়ারিয়া, ডেঙ্গু, ম্যালেরিয়া প্রতিরোধের উপায় নিয়ে পরামর্শ প্রদান করেন। উক্ত কর্মসূচিতে স্বাস্থ্যকেন্দ্রের কমিউনিটি হেলথ অফিসার আশিস দাস, এমপিডব্লিও পুষ্টি চৌধুরী, এলাকার অঙ্গনওয়াড়িকর্মী, আশা ফেসিলিটেটর সুশীলা সিনহা ও আশাকর্মী কাকলি দেবনাথ, গৌরী রানী রায় উপস্থিত ছিলেন। উক্ত কর্মসূচিতে এদিন মোট ৫৫ জন মা ও শিশু অংশগ্রহণ করেন। তাঁদের সবাইকে পুষ্টিকর খাবার প্রদান করা হয়। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
